ইত্তেফাক

তারিখ ... 3/7/79

পৃষ্ঠা ... 3 কলাম ... 5

30

## স্কুলের একলক্ষ টাকা লইয়া প্রধান শিক্ষক উধাও

দোহাজারী (চট্টগ্রাম), ১লা জুলাই (নিজস্ব সংবাদদাতা)— বোয়ালখালী থানার খরনদ্বীপ হাইস্কুলের প্রধান শিক্ষক জনাব মোহররম আলী প্রায় এক লক্ষ টাকা লইয়া গত ১৫ই মে উধাও হইয়াছেন বলিয়া জানা গিয়াছে। তিনি বিভিন্ন উপায়ে এই স্কুলের তহবিল হইতে উক্ত টাকা আত্মসাৎ করেন। স্কুলের ব্যবস্থাপনা

(৬ষ্ঠ পৃঃ দ্রঃ)

## ব্রাহ্মণবাড়ীয়া ইতিহাস পরিষদ গঠিত

ব্রাহ্মণবাড়ীয়া, ১লা জুলাই (সংবাদদাতা)।— ব্রাহ্মণবাড়ীয়া ইতিহাস পরিষদ গঠন করা হইয়াছে। অধ্যক্ষ মিয়াত আলী ও দৈনিক ইত্তেফাকের সহকারী সম্পাদক জনাব হাবিবুর রহমান মিলন যথাক্রমে পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হইয়াছেন। প্রধান উপদেষ্টা নির্বাচিত হইয়াছেন জনাব নিজাম উদ্দিন। ১৫-সদস্য বিশিষ্ট এই পরিষদে অন্যান্যের মধ্যে রহিয়াছেন সহ-সভাপতি, অধ্যাপক হরলাল রায়, অধ্যাপক হারুন-অর-রশিদ ও পৌর চেয়ারম্যান জনাব হুমায়ুন কবির। সহ-সম্পাদক— অধ্যাপক মোহাম্মদ ইসহাক ও জনাব মুহম্মদ মুসা। ব্রাহ্মণবাড়ীয়ার ইতিহাস রচনা এই পরিষদের মূল দায়িত্ব। ব্রাহ্মণবাড়ীয়ার ইতিহাস সম্বলিত কোন তথ্য যদি কাহারও কাছে থাকে তাহা জানানোর জন্য পরিষদের পক্ষ হইতে অনুরোধ জানানো হইয়াছে।

## ৭০টি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিশ্রুত অর্থ পাইবে কি?

ভোলা (বরিশাল), ১লা জুলাই (নিজস্ব সংবাদদাতা)— গত বৎসর মার্চ মাসের শেষের দিকে সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হইতে নির্দেশপ্রাপ্ত হইয়া মহকুমা প্রশাসক মহকুমার বেসরকারী হাইস্কুল, জুনিয়ার স্কুল ও মাদ্রাসাসহ মোট ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন খাতে সরকার হইতে ৫০ হাজার টাকা হইতে ২ লক্ষ ৫০ হাজার টাকা পর্যন্ত প্রদান করা হইবে—মর্মে মহকুমা শিক্ষা অফিসারকে জানান এবং অবিলম্বে তাহার দফতরে কোন ইঞ্জিনিয়ার দ্বারা প্লান ও এষ্টিমেট পাস করাইয়া জমা দিতে বলেন। মহকুমা প্রশাসকের নির্দেশ মত মহকুমা শিক্ষা অফিসার মোট ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানকে প্লান ও এষ্টিমেট দাখিল করিতে বলিলে প্রতিষ্ঠানগুলি টাকা পয়সা খরচ করিয়া ইঞ্জিনিয়ার দ্বারা প্লান এষ্টিমেট পাস করাইয়া নির্দিষ্ট দফতরে জমা দেয়। কিন্তু ইহার পরে অদ্যাবধি এব্যাপারে আর কোন সাড়া শব্দ পাওয়া যাইতেছে না। এদিকে আর্থিক সঙ্কটের দরুন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ কয়েক মাস যাবৎ বেতন পাইতেছেন না।